**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 06-07-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ত্রিদেশীয় সফরের প্রথম পর্যায়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ইন্দোনেশিয়ার উদ্দেশ্যে রওনা হয়েছেন।

২/ ভারতের মাদক নিয়ন্ত্রণ ব্যুরোর আয়োজনে অসমের গুয়াহাটিতে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশের প্রধান মাদকবিরোধী এজেন্সিগুলির দু'দিনের সম্মেলন আজ শুরু হয়েছে।

৩/ পশ্চিমবঙ্গের তিনটি শূন্য রাজ্যসভা আসনে আগামী ২৪ জুলাই উপ নির্বাচন।

# বিহার, গুজরাট এবং মধ্যপ্রদেশের তিনটি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি।

৪/ দেশজুড়ে শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

# এ উপলক্ষ্যে কলকাতায় আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

৫/ সুইজারল্যান্ডের জেনেভায় উপভোক্তা সুরক্ষা আইন ও নীতি বিষয়ক আন্তঃসরকারি বিশেষজ্ঞ গোষ্ঠীর নবম অধিবেশনে ভারত সভাপতিত্ব করবে।

৬/ বিশ্বকাপ ফুটবলে, আজ, রাউন্ড অফ সিক্সটিনের ম্যাচে, পর্তুগাল, স্পেনের বিরুদ্ধে খেলবে।

# শেষ আটে, ইংল্যান্ড ও নরওয়ে।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ত্রিদেশীয় সফরের প্রথম পর্যায়ে আজ ইন্দোনেশিয়ার উদ্দেশ্যে রওনা হয়েছেন। বিদায়ী বিবৃতিতে প্রধানমন্ত্রী বলেন, তিনি, ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রাবোও সুবিয়ান্তোর আমন্ত্রণে চলতি মাসের ৮ তারিখ পর্যন্ত সেদেশ সফর করবেন। তিনি বলেন, এই সফর দু’দেশের ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে আরও গভীর করবে। তিনি, প্রবাসী ভারতীয়দের সঙ্গেও মতবিনিময় করবেন এবং রাষ্ট্রপতি প্রাবোও-র সঙ্গে ইয়োগিয়াকার্তার প্রাম্বানান মন্দির চত্বর পরিদর্শন করবেন বলে জানান। ইন্দোনেশিয়া থেকে প্রধানমন্ত্রী, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজের আমন্ত্রণে মেলবোর্ন যাবেন। এরপর নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সনের আমন্ত্রণে প্রধানমন্ত্রী অকল্যান্ড সফর করবেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সেদেশ সফরে ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তিরা সহ ইন্দোনেশিয়ার মানুষ বিশেষ উৎসাহী বলে, আকাশবাণীর সংবাদদাতা সন্দীপন দাশগুপ্তকে জানিয়েছেন, BJP বিদেশ বিভাগের পক্ষ থেকে শিশির বাজোরিয়া।

বাইট-বাজোরিয়া(প্রধানমন্ত্রী)

---------------------------

ভারতের মাদক নিয়ন্ত্রণ ব্যুরোর আয়োজনে অসমের গুয়াহাটিতে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশের প্রধান মাদকবিরোধী এজেন্সিগুলির দু'দিনের সম্মেলন আজ শুরু হয়েছে।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে মাদক নিয়ন্ত্রণ ব্যুরোর মহা নির্দেশক অনুরাগ গর্গ বলেন, মাদক চোরাচালান প্রতিরোধ ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে মাদক পাচার রোধের ক্ষেত্রে সমন্বয়, তথ্য আদান প্রদান, সম্মিলিত যোগদান এই সম্মেলনে আলোচিত হবে।

তিনি বলেন বর্তমান সময়ে মাদক পাচার চক্র সীমান্ত পারের ডার্কনেট প্ল্যাটফর্ম, সিন্থেটিক ড্রাগ, নতুন মানসিক বিষয়বস্তু, এবং সমুদ্র পথে পাচার মতন ঘটনা ঘটছে, সেক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

মাদক পাচার প্রতিরোধে শ্রী গর্গ, নিয়মিত তথ্য আদান প্রদানের জন্য ব্রিকসের কার্যকরী ভার্চুয়াল গ্রুপ গঠনের প্রস্তাব দেন। মাদক চোরাচালান বিষয়ে ভারতের প্রতিনিধিরা জিরো টলারেন্স নীতির উপর বিশেষ জোর দিচ্ছে।

---------------------------

ভারত, আজ কেরলোমের কোচিতে দু'দিনব্যাপী 'ব্রিকস উইমেন ওয়ার্কিং গ্রুপ'-এর বৈঠকের আয়োজন করছে। কেন্দ্রীয় নারী ও শিশু বিকাশ মন্ত্রক জানিয়েছে, ব্রিকস সদস্য দেশগুলির ঊর্ধ্বতন সরকারি আধিকারিকরা এই বৈঠকে, বিভিন্ন ক্ষেত্রে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন-সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়গুনিয়ে আলোচনা করবেন।

---------------------------

পশ্চিমবঙ্গের তিনটি শূন্য রাজ্যসভা আসনে আগামী ২৪ জুলাই উপ নির্বাচন অনুষ্ঠিত হবে। এই মর্মে আজ বিজ্ঞপ্তি জারি করেছে নির্বাচন কমিশন। তৃণমূল কংগ্রেসের সাংসদ সুখেন্দু শেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক-এর পদত্যাগের ফলে আসনগুলি শূন্য হয়েছে।

নির্বাচন কমিশনের সূচি অনুযায়ী, ৭ জুলাই বিজ্ঞপ্তি জারি হবে। ১৪ জুলাই মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন, ১৫ জুলাই মনোনয়নপত্র যাচাই এবং ১৭ জুলাই প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন। ভোটগ্রহণ হবে ২৪ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত। একই দিন বিকেল ৫টা থেকে ভোটগণনা শুরু হবে। ২৭ জুলাইয়ের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে কমিশন।

---------------------------

নির্বাচন কমিশন আজ বিহার, গুজরাট এবং মধ্যপ্রদেশের তিনটি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। বিহারের বাকিপুর, গুজরাটের মঞ্জলপুর এবং মধ্যপ্রদেশের দাতিয়া বিধানসভা কেন্দ্রে এই উপনির্বাচন হবে। বিজ্ঞপ্তি অনুযায়ী, ১৩ ই জুলাই পর্যন্ত মনোনয়নপত্র জমা নেওয়া হবে এবং ১৪ ই জুলাই তা পরীক্ষা করে দেখা হবে। এই আসনগুলিতে ৩০ শে জুলাই ভোটগ্রহণ হওয়ার কথা রয়েছে।

বিহারের বাকিপুরের বিধায়ক নীতিন নবীন পদত্যাগ করায়, ওই আসনে উপ-নির্বাচনের প্রয়োজনীয়তা দেখা দেয়। গুজরাটের মঞ্জলপুর বিধানসভা কেন্দ্রে আসনটি শূন্য হয় যোগেশভাই নরনদাস প্যাটেলের মৃত্যুর কারণে। অন্যদিকে, রাজেন্দ্র ভারতীর সদস্যপদ বাতিল বা অযোগ্য ঘোষিত হওয়ায় মধ্যপ্রদেশের দাতিয়া আসনটি শূন্য হয়।

---------------------------

বিভিন্ন ইস্যুতে বিরোধী দলগুলোর বিক্ষোভের মধ্যেই আজ ষোড়শ আসাম বিধানসভার বাজেট অধিবেশন শুরু হয়েছে। আগামী ১০ জুলাই ২০২৬-২৭ অর্থবর্ষের

বাজেট পেশ করা হবে। ১৬ থেকে ২১ জুলাই পর্যন্ত অধিবেশন মুলতবি থাকবে এবং ৩১ জুলাই অধিবেশন সমাপ্ত হওয়ার কথা রয়েছে।

---------------------------

শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্টের সদস্যদের নিয়ে আজ একটি বৈঠক বসবে। বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রশাসনিক ও আর্থিক বিষয় নিয়ে আলোচনা হবে। ট্রাস্টের প্রাপ্ত অনুদান হিসেবের বিষয়টি নিয়ে, বিশেষ তদন্তকারী দল-SIT-র কাজকর্ম নিয়েও আলোচনা হওয়ার কথা। ট্রাস্টের সাধারণ সম্পাদক চম্পত রাই এবং ট্রাস্টি ডঃ অনিল মিশ্রের পদত্যাগপত্র নিয়েও আলোচনা হবে।

---------------------------

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশজুড়ে আজ যথোচিত মর্যাদায় রাজনীতিবিদ, শিক্ষাবিদ ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। সমাজমাধ্যমে একাধিক বার্তায় তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ও লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রমুখ।

এই উপলক্ষ্যে, পশ্চিমবঙ্গ সরকার, আজ ছুটি ঘোষণা করেছে। রাজ্য জুড়ে পালিত হচ্ছে বিভিন্ন কর্মসূচি। ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির আদর্শ ও অবদানকে সামনে রেখে নতুন প্রজন্মের কাছে ইতিহাস তুলে ধরার বার্তা দিয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কলকাতার মুরলীধর সেন লেনে ভারতীয় জনতা পার্টির রাজ্য সদর দফতরে আয়োজিত অনুষ্ঠানে তিনি দাবি করেন, পশ্চিমবঙ্গের বর্তমান সরকার পরিচালিত হবে ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির চিন্তাধারা এবং স্বামী প্রণবানন্দের আদর্শ অনুসরণ করেই।

বাইট শুভেন্দু

এর আগে রেড রোডে এক অনুষ্ঠানে শ্যামাপ্রসাদ মুখার্জির মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী।

এই উপলক্ষ্যে আজ পশ্চিমবঙ্গে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। যোগ দেবেন বিভিন্ন অনুষ্ঠানে। বিজেপি সূত্রে জানা গেছে, দুপুরে দিল্লি থেকে রওনা হয়ে কলকাতায় নিউটাউনের ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমিপূজো অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। বিকেলে ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের পৈত্রিক বাসভবনে তাঁর প্রতি শ্রদ্ধা জানাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। সন্ধ্যায় বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানে অমিত শাহ-র যোগ দেবার কথা।

---------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, গত পাঁচ বছর ধরে 'সমবায়ের মাধ্যমে সমৃদ্ধি' মন্ত্র অনুসরণ করে লক্ষ লক্ষ মানুষের জীবনে পরিবর্তন আনার জন্য সমবায় মন্ত্রকের ভূয়সী প্রশংসা করেছেন। সমবায় মন্ত্রকের পঞ্চম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, সমবায় খাতের সঙ্গে যুক্ত ৩০ কোটি মানুষ এবং সারা দেশের ৮ লক্ষ ৫০ হাজারেরও বেশি সমবায় প্রতিষ্ঠানের জন্য আজকের দিনটি অত্যন্ত শুভ। এই দিনেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারে একটি স্বতন্ত্র সমবায় মন্ত্রক গঠনের সিদ্ধান্ত নিয়েছিলেন বলে তিনি উল্লেখ করেন।

---------------------------

সুইজারল্যান্ডের জেনেভায় উপভোক্তা সুরক্ষা আইন ও নীতি বিষয়ক আন্তঃসরকারি বিশেষজ্ঞ গোষ্ঠীর নবম অধিবেশনে ভারত সভাপতিত্ব করবে। রাষ্ট্রসংঘ বাণিজ্য ও উন্নয়ন সংস্থা-UNTDA-র উদ্যোগে এই অধিবেশন চলবে বুধবার পর্যন্ত। কেন্দ্রীয় উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রক জানিয়েছে, উপভোক্তা সুরক্ষা আইন ও নীতির বিষয়গুলি নিয়ে আলোচনা করার জন্য এই অধিবেশনে সদস্য রাষ্ট্র, আন্তর্জাতিক সংস্থা, উপভোক্তা সুরক্ষা কর্তৃপক্ষ, শিক্ষাবিদ এবং অন্যান্য অংশীদাররা উপস্থিত থাকবেন।

----------------------------

বিশ্বকাপ ফুটবলে, আজ রাতে, রাউন্ড অফ সিক্সটিনের ম্যাচে, পর্তুগাল, স্পেনের বিরুদ্ধে খেলবে। আর্লিংটন স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায়।

এদিকে, রাউন্ড অফ সিক্সটিনের খেলায়, আজ, ইংল্যান্ড, ৩-২ গোলে মেক্সিকোকে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে। খেলার ৩৬ ও ৩৯ মিনিটে ইংল্যান্ডের হয়ে, জোড়া গোল করেন জুড বেলিংহ্যাম। এরপর, ৪২ মিনিটে মেক্সিকোর জুলিয়ান কুইনোনোস একটি গোল শোধ করেন। দ্বিতীয়ার্ধে, ৬০ মিনিটে ইংল্যান্ডের অধিনায়ক পেনাল্টি থেকে আরও একটি করলে, মেক্সিকোর রাউল খিমেনেজও ৬৯ মিনিটের মাথায় পেনাল্টি থেকে একটি গোল শোধ করেন। ইংল্যান্ডের জ্যারেল কোয়ারনস ৫৪ মিনিটে লালকার্ড দেখেন।

অন্যদিকে, গতরাতে খেলায়, ব্রাজিলকে ২-১ গোলে হারিয়ে, প্রথমবার কোয়ার্টার ফাইনালে পৌঁছে ইতিহাস সৃষ্টি করল নরওয়ে। নরওয়ের হয়ে ৭৯ ও ৯০ মিনিটে আর্লিং হালান্ড জোড়া গোল করেন। ব্রাজিলের হয়ে দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে নেইমার পেনাল্টি থেকে একটি গোল শোধ করেন। হালান্ডের জোড়া গোলের ফলে, চলতি বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতা তালিকায়, আর্জেন্টিনার লিওনেল মেসি ও ফ্রান্সের কিলিয়ান এমবাপের

সঙ্গে যুগ্মভাবে তিনি প্রথম স্থানে উঠে এলেন। চলতি বিশ্বকাপে তিনজনেরই গোল সংখ্যা ৭। ১৯৯৮ সালে শেষ বার ফুটবল বিশ্বকাপের মূল পর্বে অংশগ্রহণের পর, সে বছর নরওয়ে রাউন্ড অফ সিক্সটিন থেকে বিদায় নেয়।

কোয়ার্টার ফাইনালে নরওয়ে, ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

---------------------------- ----------------------------